

শ্রীমঙ্গলে নির্মান শ্রমিক ও রং মিস্ত্রীদের দক্ষতা বৃদ্ধি বিষয়ক প্রশিক্ষণ

এফএনএস (আতাউর রহমান কাজল; শ্রীমঙ্গল, মৌলভী বাজার) : | প্রকাশ: ২৫ মেরুব্যারি, ২০২২, ২:৪১ পিএম

12 Shares

f 11

Twitter

১০

Email

Share



উদ্বোধনী অনুষ্ঠানে ভার্চুয়ালী যুক্ত থেকে সভাপতিত্ব করেন শ্রীমঙ্গল উপজেলা নির্বাহী অফিসার জনাব নজরুল ইসলাম।;

শুক্রবার সকালে এ উপলক্ষে আয়োজিত উদ্বোধনী অনুষ্ঠানে শ্রীমঙ্গল উপজেলা পরিষদের চেয়ারম্যান ভানুলাল রায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে প্রশিক্ষণের আনুষ্ঠানিক উদ্বোধন করেন।

ইউজিডিপি'র (জাইকা) উপজেলা ডেভেলপমেন্ট ফেসিলিটেটর নিশ্চীথ বরণ রায়ের সঞ্চালনায় অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন শ্রীমঙ্গল উপজেলা পরিষদের মহিলা ভাইস চেয়ারম্যান মিতলী দত্ত, উপজেলা ইঞ্জিনিয়ার মো. ইউসুফ হোসেন খান প্রমুখ।

প্রশিক্ষণে আরো উপস্থিত ছিলেন এলজিইডি'র হিসাবরক্ষক অরুণ কুমার সাহা ও কমিউনিটি অর্গানাইজার আরতী বালা পাল।

প্রশিক্ষণে রিসোর্স পার্সন হিসেবে উপস্থিত ছিলেন শ্রীমঙ্গলের উপজেলা ইঞ্জিনিয়ার মো. ইউসুফ হোসেন খান। তিনি মাল্টিমিডিয়া প্রজেক্টের মাধ্যমে নির্মান শ্রমিক ও রং মিস্ত্রীদের মাননিয়ন্ত্রণ ও দক্ষতা বৃদ্ধি বিষয়ে বিস্তারিত আলোকপাত করেন।

প্রশিক্ষণে আজ শ্রীমঙ্গল উপজেলার ৩০ জন নির্মান শ্রমিক ও রং মিস্ত্রী অংশগ্রহণ করেন। শুক্রবার থেকে শুরু হওয়া ৪ দিনের প্রশিক্ষণে মোট ১২০ জন শ্রমিককে প্রশিক্ষণ দেয়া হবে।

আপনার পছন্দের এলাকার সংবাদ পড়তে চাই:

বিভাগ

জেলা

সংবাদ পড়তে ক্লিক করুন

শ্রীমঙ্গলে নির্মান শ্রমিক ও রং মিস্ত্রীদের মাননিয়ন্ত্রণ এবং দক্ষতা বৃদ্ধি বিষয়ক ৪ দিনের প্রশিক্ষণ শুক্রবার সকাল ১০ টায় শ্রীমঙ্গল উপজেলা কৃষি প্রশিক্ষণ কেন্দ্রে শুরু হয়েছে।

শ্রীমঙ্গল উপজেলা যোগাযোগ ও ভৌত অবকাঠামো উন্নয়ন বিষয়ক কমিটির বাস্তবায়নে, শ্রীমঙ্গল উপজেলা পরিষদের আয়োজনে এবং উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি) ও স্থানীয় সরকার বিভাগ ও জাপান ইন্টারন্যাশনাল কো-অপারেশন এজেন্সি'র (জাইকা) সহযোগীতায় এই প্রশিক্ষণ অনুষ্ঠিত হচ্ছে।

শীর্ষ সংবাদ	সর্বাধিক	সর্বশেষ
	রাজধানীনাটীম মাদক সেবন-বিক্রির অভিযোগে ৫৯ গ্রেঞ্জার	
	সংগ্রাহ না ঘূরতেই বাড়ল সোনার দাম	
	বৈদেশিক সহায়তার জন্য নির্ধারিত শতাধিক প্রকল্পের ভাগ্য অনিচ্ছিত	
	নড়বড়ে সেতুর জন্য ঝুকিতে দেশের উত্তরাঞ্চলের রেলপথ	
	ঐতিহাসিক ৭ মার্চ উপলক্ষে জাতির পিতার প্রতি প্রধানমন্ত্রীর শ্রদ্ধা	

আরও

এ বিভাগের অন্যান্য সংবাদ

	সংসদ সদস্য নয়, সহকর্মী হতে চাই-জনপ্রতিনিধিদের উদ্দেশ্যে মৃগাল কাস্তি দান
	এলজিইডি এর সহকারী প্রধান প্রকৌশলীর দিঘিলিয়া সফর
	হাটহাজারীতে ফলদ গাছের সাথে এ কেমন শক্তি
	মৌলভীবাজারে ভোজ্যতেলের বাজারে অভিযানে ৪ প্রতিষ্ঠানকে জরিমানা
	লালপুরে ইউনিক ডায়াগনস্টিক সেন্টারের উদ্বোধন